**বিষয় : "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী ১১ জন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের সংগে হালনাগাদ কাজের অগ্রগতি" এর বিষয়ে গত ১৬-০২-২০২০ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।**

পানি উন্নয়ন বোর্ডের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী ১১ জন ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের সংগে বোর্ডের সংশ্লিষ্ট কমকর্তাগনের সাথে হালনাগাদ কাজের অগ্রগতির বিষয়ে গত ১৬-০২-২০২০ খ্রিঃ তারিখে বোর্ডের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাপাউবোর মহাপরিচালক জনাব এ. এম. আমিনুল হক। পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব কবির বিন আনোয়ার প্রধান অতিথি হিসেবে উক্ত সভায় উপস্থিত ছিলেন। পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালকগণ, জোনাল প্রধান প্রকৌশলী এবং ১১ জন ঠিকাদার ও তাদের প্রতিনিধি উক্ত সভায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সন্নিবেশিত হল।

২। উপস্থাপনা:

২.১। উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি প্রধান অতিথি মহোদয়কে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২। প্রধান অতিথি মহোদয় সভাকে অবহিত করেন যে, পানি সম্পদ মন্ত্রনালয়ের আওতায় ৯৪টি প্রকল্পের কাজ চলমান আছে। এরমধ্যে পানি উন্নয়ন বোর্ডের আওতায় বর্তমানে ৮৯ টি প্রকল্প চালু আছে। চলমান উন্নয়ন প্রকল্প সমূহের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক নয়। বাপাউবো সহ পানি সম্পদ মন্ত্রনালয়ের অধীন বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের গত ৩ বছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, কতিপয় ঠিকাদারী প্রতিষ্ঠান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে অতিরিক্ত সংখ্যক কাজ নিয়েছে যদিও তাদের প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি আশাব্যঞ্জক নয়। লাইসেন্স ভাড়া নেয়া, কাজ বিক্রয়, সাব কন্ট্রাক্টর নিয়োগ, কাজ হাত বদল ইত্যাদি অনিয়মের কারণে সামর্থ্যের অধিক অতিরিক্ত কাজ নেয়ায় কর্ম পরিকল্পনা অনুযায়ী কাজ সম্পন্ন করতে না পারায় বাপাউবোর আওতায় বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন হুমকির সম্মুখীন হয়ে পড়েছে।

২.৩। একাধিক কাজের জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের কাজের মান ও সময় সর্ম্পকিত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনার আলোকে ইতোমধ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বিগত ৩ বছরের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন করা হয়। সিপিটিইউ এর ওয়েবসাইট থেকে প্রাপ্ত তথ্যাদি ও বাপাউবোর প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির তথ্য সমন্বয়ে গত ৩ (তিন) বছরের সর্বাধিক কাজপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির সার সংক্ষেপ পর্যালোচনায় দেখা যায় যে, মোট ১১ জন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট মোট ৪১৬টি প্যাকেজের কাজ বাস্তবায়নাধীন রয়েছে যার চুক্তিমুল্য প্রায় ২৬৯৪ কোটি টাকা। এই ৪১৬টি প্যাকেজের কাজের অগ্রগতি পর্যালোচনা করে সংশ্লিষ্ট ১১ জন ঠিকাদারের বিরুদ্ধে PPA-2006 এবং PPR-2008 এর সংশ্লিষ্ট ধারা অনুসরণ করে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য ইতোপূর্বে পানি সম্পদ মন্ত্রনালয় থেকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা দেয়া হয়েছে।

২.৪। সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, মোট ৪১৬টি প্যাকেজের কাজের মধ্যে ১১১টি প্যাকেজের কাজের অগ্রগতি ৩০% এর নীচে রয়েছে যা অত্যন্ত হতাশাব্যঞ্জক। অন্যদিকে ৪১৬টি প্যাকেজের কাজের মধ্যে শুধুমাত্র ইউনুস এন্ড ব্রাদার্স নামীয় ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকটই ৯০টি প্যাকেজের কাজ চলমান রয়েছে যা চলতি ২০০১৯-২০২০ অর্থ বছরে সম্পন্ন করা অসম্ভব বলেই প্রতীয়মান হয়। তালিকায় বর্নিত ৫০% উর্দ্ধের অগ্রগতি সম্পন্ন প্যাকেজের কাজ সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে যথাযথ গুরুত্ব ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হলেই কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে সচিব মহোদয় মত ব্যক্ত করেন। এমতাবস্থায় এই ১১ জন ঠিকাদারী প্রতিষ্ঠানের বরাবরে বরাদ্দকৃত কাজ সম্পন্ন না করা পর্যন্ত আর নতুন কাজ দেয়ার অবকাশ নাই বলে তিনি সভাকে অবহিত করেন। অতপর তিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে আগত প্রতিনিধিগণকে তাঁদের বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

৩.১। অতঃপর ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে আগত প্রতিনিধিগণ তাঁদের বক্তব্য প্রদান করেন। এস, এস ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন লিঃ এর চেয়ারম্যান জনাব শাহাবুদ্দিন আহমেদ, ওয়েষ্টার্ন ইঞ্জিনিয়ারিং লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ বশির আহমেদ, মেসার্স হাসান এন্ড ব্রাদার্স এর পক্ষে জনাব মাহমুদুল হাসান, ইউনুস এন্ড ব্রাদার্স প্রাঃ লিঃ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ ইউনুস বক্তব্য উপস্থাপন করেন। ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে উপস্থিত প্রতিনিধিবৃন্দ সম্মিলিতভাবে বর্নিত ১১ জন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের বরাবরে নতুন কাজ না দেয়ার বিষয়ে মন্ত্রনালয়/বোর্ডের সিদ্ধান্ত পুনঃবিবেচনা করার জন্য অনুরোধ জানান।

৩.২। ঠিকাদারী প্রতিষ্ঠানের বক্তব্যে মাঠ পর্যায়ে Land Acquisition এর সমস্যার কারণ, সমন্বিত Task Force কর্তৃক মাটির কাজের Pre-work নিরীক্ষায় বিলম্ব ইত্যাদি কারণসমূহ উঠে এসেছে। বেশ কিছু কাজ অনেক পূর্বে শেষ হলেও নকশা পরিবর্তন /ভৌগলিক অবস্থার কার উদ্ভুত নতুন দফার কাজ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনে বিলম্ব হওয়া, কাজ বাস্তবায়ন সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় কমিটির কার্যকারিতা জোরদার করনের বিষয়টিও আলোচিত হয়। পানি উন্নয়ন বোর্ডে বিদ্যমান দরপত্রের শর্ত শিথিল করা সহ মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি ত্বরান্বিত করার স্বার্থে ঠিকাদারগন সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক বাপাউবো ও ঠিকাদার এর মধ্যে নিয়মিত সভা করার প্রয়োজনীয়তার বিষয়টি উপস্থাপন করেন।

৩.৩। এ পর্যায়ে প্রধান অতিথি মহোদয় সভাকে জানান যে, ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের যেকোন সমস্যা প্রথমে বোর্ড পর্যায়ে মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন। বোর্ড পর্যায়ে সমাধান সম্ভব না হলে পরবর্তীতে মন্ত্রনালয়কে জানাবেন। মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলী তাঁর অধীনস্ত কর্মকর্তা ও ঠিকাদার এর মধ্যে নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা নিবেন। সচিব মহোদয় উপস্থিত ঠিকাদারী প্রতিষ্ঠানের নের্তৃবৃন্দকে বলেন যে, পাসম এর নির্দেশনা কোন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে গ্রহন করা হয়নি। এটি শুধু পানি সম্পদ মন্ত্রনালয় ও এর অধীনস্থ বিভাগসমূহের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের কাজের অগ্রগতি ত্বরান্বিত/কাজ সম্পন্নের জন্য সাময়িক ব্যবস্থা হিসেবে নেয়া হয়েছে। আগামী জুন ২০২০ মাসের মধ্যে বর্নিত কাজসমূহ সম্পন্ন করতে সমর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারগন আবার দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন।

৩.৪। সচিব মহোদয় সভাকে আরও বলেন যে, বাপাউবোর আওতায় নতুন নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সৃষ্টির লক্ষ্যে দরপত্রের শর্ত শিথিল করার বিষয়ে পরিকল্পনা মন্ত্রনালয়ে জরুরী প্রস্তাব প্রেরনের ব্যবস্থা নেয়া হবে এবং LTM পদ্ধতির দরপত্রের উপর দৃষ্টি দিতে হবে। কাজের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে PRE-ECNEC সভা অনুষ্ঠানের পরপরই দরপত্র আহবানের ব্যবস্থা নেয়া যেতে পারে যাতে প্রকল্প অনুমোদনের পরপরই কার্যাদেশ দেয়া সম্ভব হয়। এমতাবস্থায় তিনি বর্নিত ১১ জন ঠিকাদারী প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ সহ বাপাউবোর আওতায় সব ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের সহযোগীতা কামনা করেন এবং নির্দ্ধারিত সময়ে প্রকল্প সম্পন্নের অনুরোধ জানান।

৪। সিদ্ধান্তঃ

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং ০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৫৯, তারিখঃ ০৩ অক্টোবর ২০১৯খ্রিঃ, সিপিটিইউ এর স্মারক নং ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-২০২ তারিখঃ ১০ অক্টোবর ২০১৯খ্রিঃ, পানি সম্পদ মন্ত্রনালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৩৪.১৪.০১৪.১৯-২৮০ তারিখঃ ২২ ডিসেম্বর ২০১৯খ্রিঃ এবং ১৬-০২-২০২০খ্রিঃ তারিখের সভার আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১। ১১ জন ঠিকাদারের অনুকূলে ইতোমধ্যে যে কাজগুলো বরাদ্দ করা হয়েছে তা আগামী জুন ২০২০ মাসের মধ্যে সম্পন্ন/সন্তোষজনক অগ্রগতি স্বাপেক্ষে দরপত্রের মাধ্যমে নতুন কাজ পেতে পারবেন। তবে ইতোমধ্যে বরাদ্দকৃত কাজগুলো সম্পন্ন না করা পর্যন্ত তাদের বরাবরে বাপাউবোর আওতায় আর নতুন কাজ বরাদ্দ দেয়া হবে না।

৪.২। মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলী তাঁর অধীনস্ত কর্মকর্তা ও ঠিকাদার এর মধ্যে নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা নিবেন।

৪.৩। দরপত্রের শর্ত শিথিল করার বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ে জরুরী প্রস্তাব প্রেরণের ব্যবস্থা নিতে হবে।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ. এম. আমিনুল হক)
মহাপরিচালক 10-03-2020
বাপাউবো, ঢাকা।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

**সচিবালয়**
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763


স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৮৫ তারিখঃ ১৫-০৩-২০২০ খ্রিঃ

কার্যবিবরণীর অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫/০৩/২০২০
মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা
মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৮৫ তারিখঃ ১৫-০৩-২০২০ খ্রিঃ

কার্যবিবরণীর অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো।

| | |
|---|---|
| ১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ফরিদপুর/খুলনা/বরিশাল/রংপুর। ⇨ | কার্যবিবরণীর বিধৃত সিদ্ধান্ত ৪.১ এবং ৪.২ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো। |
| ১০। পরিচালক, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা। ⇨ | কার্যবিবরণীর সিদ্ধান্ত ৪.৩ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো। |

১৫/০৩/২০২০
সচিব
বাপাউবো, ঢাকা
মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৮৫ তারিখঃ ১৫-০৩-২০২০ খ্রিঃ

কার্যবিবরণীর অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) প্রেরণ করা হলো।

১। প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
২। প্রধান, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৩। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (আদেশটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৫-৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

১৫/০৩/২০২০
সচিব
বাপাউবো, ঢাকা
মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭